

■ সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২০৭

২/ সালাত (الصلوة)

পরিচ্ছেদঃ ২৭৪. দু' ওয়াক্তের সালাত একত্র করা প্রসঙ্গে

بَابُ الْجَمْعِ بَيْنَ الصَّلَاتَيْنِ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ دَاؤِدَ الْعَتَكِيُّ، حَدَّثَنَا حَمَادٌ، حَدَّثَنَا أَيُوبُ، عَنْ نَافِعٍ، أَنَّ أَبِنَ عُمَرَ اسْتُعْصِرَخَ عَلَى صَفِيَّةَ وَهُوَ بِمَكَّةَ فَسَارَ حَتَّى غَرَبَتِ الشَّمْسُ وَيَدَتِ النَّجُومُ فَقَالَ : إِنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا عَجَلَ بِهِ أَمْرٌ فِي سَفَرٍ جَمَعَ بَيْنَ هَاتَيْنِ الصَّلَاتَيْنِ . فَسَارَ حَتَّى غَابَ الشَّفَقُ فَنَزَلَ فَجَمَعَ بَيْنَهُمَا .

- صحيح : خ ، م المرفوع منه

বাংলা

১২০৭। নাফিক' (রহঃ) সূত্রে বর্ণিত। ইবনু 'উমার (রাঃ) মক্কাতে অবস্থানকালে তাঁর নিকট স্বীয় স্ত্রী সাফিয়াহর (রাঃ) মৃত্যুর সংবাদ পৌঁছলে তিনি (মদীনায়) রওয়ানা হলেন। পথিমধ্যে সূর্য অস্ত গিয়ে নক্ষত্রও প্রকাশিত হলো (অথচ তিনি মাগরিবের সালাত আদায় করলেন না)। অতঃপর তিনি বলেন, কোন সফরে দ্রুত যাওয়ার প্রয়োজন হলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ দু' ওয়াক্তের সালাত (মাগরিব ও ইশাঃ) একত্র করতেন। এ বলে তিনি তার সফর অব্যাহত রাখলেন। ইতিমধ্যে পশ্চিমাকাশের লালিমা দূরীভূত হলো। তারপর তিনি (বাহন থেকে) নামলেন এবং উভয় সালাত একত্রে আদায় করলেন।[1]

সহীহ : বুখারী, মুসলিম তার সূত্রে মারফুভাবে।

English

Narrated Abdullah ibn Umar:

Ibn Umar was informed about the death of Safiyyah (the wife of the Prophet) when he was at Mecca. He proceeded till the sun set and the stars shined.

He said: When the Prophet (ﷺ) was in a hurry about something while on a journey, he would combine both these prayers. He proceeded till twilight had disappeared. He then combined both of them (the prayers).

ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : সালাত ক্লাসর করা, অনুঃ সফরে মাগরিব তিন রাক'আত পড়বে, হাঃ ১০৯১), মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত ও ক্লাসর, অনুঃ সফরে দুই ওয়াক্ত সালাত একতে আদায় করা জায়িয় হওয়া সম্পর্কে), মালিক (অধ্যায় : সফরে সালাত ক্লাসর করা, হাঃ ৩), আহমাদ (২/৪) নাফি' হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ নাফি' (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=58525>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন